

বাংলাদেশঃ জাতিসংঘ মানবাধিকার জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষজ্ঞের প্রথম সফর

জেনেভা (২৯ আগস্ট, ২০২২) - জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে মানবাধিকার রক্ষা ও উন্নয়নে জাতিসংঘের বিশেষ প্রতিবেদনকারী ইয়ান ফ্রাই বাংলাদেশ পরিদর্শন করবেন ৪ থেকে ১৫ সেপ্টেম্বর, ২০২২।

১লা মে, ২০২২ তারিখে অফিস গ্রহণের পর এই জাতিসংঘ বিশেষজ্ঞের এটাই প্রথম আনুষ্ঠানিক সফর। সফরকালে, জাতিসংঘ বিশেষজ্ঞ কীভাবে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব বিভিন্ন গোষ্ঠীর মানবাধিকারে প্রভাব বিস্তার করছে তা নীরিক্ষা করবেন। জলবায়ু পরিবর্তন ও চরমভাবাপন্ন আবহাওয়া যে ক্ষয়-ক্ষতি করছে তার ওপরও বিশেষ প্রতিবেদনকারী আলোকপাত করবেন।

জাতিসংঘ বিশেষজ্ঞ জানান, "জলবায়ু পরিবর্তনের প্রভাব বাংলাদেশের মানুষের ওপর চরম আর্থ-সামাজিক বিপন্নতায় দাঁড় করাবে। বিশ্বব্যাপী গবেষণায় দেখা গেছে, ২০৩০ সালের মধ্যে জলবায়ু পরিবর্তনের প্রভাবজনিত ক্ষয়-ক্ষতি প্রতি বছর ২৯০ বিলিয়ন থেকে ৫৮০ বিলিয়ন ডলারে পৌঁছুবে। উন্নত দেশগুলোর গ্রীন হাউজ গ্যাস দূষণের কারণে বাংলাদেশের মানুষ ক্ষতির শিকার হচ্ছে। এ ক্ষতিকর প্রভাব বিষয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের এখনই উচিত এগিয়ে আসা এবং দায়িত্ব নেয়া।"

তিনি আরও বলেন, "কীভাবে জলবায়ু পরিবর্তনের প্রভাব মানুষকে বাস্তবায়িত করছে এবং এ সমস্যা সামনে তুলে ধরতে কী কী পদক্ষেপ নেয়া হয়েছে সেসব বিষয়েও বিশেষভাবে আলোকপাত করব আমি।"

বাংলাদেশ সরকার কর্তৃক বাস্তবায়িত ভালো অভ্যাস, কৌশল, ও নীতিগুলোও শনাক্ত করবেন জাতিসংঘ বিশেষজ্ঞ, যেহেতু পরিপূর্ণ ও কার্যকরী মানবাধিকার নিশ্চিতকরণে নেতিবাচক প্রভাবের বিপরীতে সহনশীল পরিবেশ নির্মাণের জন্য দেশ জলবায়ু পরিবর্তনের সঙ্গে অভিযোজন করতে শুরু করেছে। ইয়ান ফ্রাই ঢাকা, খুলনা ও সিলেট পরিদর্শনকালে জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্ত বিভিন্ন গোষ্ঠীর সঙ্গে সাক্ষাৎ করবেন। তিনি স্থানীয় ও কেন্দ্রীয় সরকারের নানা কর্মকর্তা ও সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গেও সাক্ষাৎ করবেন।

জাতিসংঘের বিশেষজ্ঞের প্রাথমিক পর্যবেক্ষণ ফলাফল নিয়ে একটি সাংবাদিক সম্মেলন ২০২২ সালের ১৫ সেপ্টেম্বর সকাল ১০টায় ইন্টারকন্টিনেন্টাল হোটেলে (জি, ১, মিন্টু রোড, ঢাকা ১০০০) অনুষ্ঠিত হবে। সাংবাদিকদের প্রবেশাধিকার সীমিত থাকবে।

২০২৩ সালের জুনে বিশেষ প্রতিবেদনকারী তার সফর নিয়ে একটি পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দিবেন জেনেভায় অবস্থিত জাতিসংঘ মানবাধিকার সংস্থায়।

সমাপ্ত।

জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে মানবাধিকার রক্ষা ও উন্নয়নের প্রথম বিশেষ প্রতিবেদন পেশকারী ইয়ান ফ্রাই। ২০২২ সালের মার্চে মানবাধিকার কাউন্সিলের ৪৯তম অধিবেশনে তাঁকে নিয়োগ করা হয় এবং ২০২২ সালের ১মে তিনি তাঁর ওপর অর্পিত দায়িত্ব বোঝে নেন। ইয়ান ফ্রাই পরিবেশ আইন ও নীতি বিষয়ে একজন আন্তর্জাতিক বিশেষজ্ঞ। অভিযোজন নীতি ও প্যারিস চুক্তির সঙ্গে যুক্ত ক্ষয়-ক্ষতি, কিয়োটো প্রটোকল ও সংশ্লিষ্ট বিষয়গুলি তাঁর মূল কাজের ক্ষেত্র। টুন্ডুয়া সরকারের হয়ে তিনি ২১ বছর কাজ করেছেন এবং ২০১৫ থেকে ২০১৯ পর্যন্ত তিনি জলবায়ু পরিবর্তন ও পরিবেশ বিষয়ক অ্যাসেসমেন্টের ছিলেন।

বিশেষ প্রতিবেদনকারীর মানবাধিকার সংস্থার বিশেষ প্রক্রিয়ার অংশ। উক্ত বিশেষ প্রক্রিয়াই মানবাধিকার ব্যবস্থার স্বাধীন বিশেষজ্ঞদের সবচেয়ে বড় অংশ। বিশেষ প্রক্রিয়াসমূহ মূলত কাউন্সিলের স্বাধীন তথ্যানুসন্ধান ও পর্যবেক্ষণ পদ্ধতিরই নামান্তর, যা নির্দিষ্ট কোনো দেশের অবস্থা বা পরিস্থিতিতেই তুলে ধরে। বিশেষ প্রক্রিয়ার বিশেষজ্ঞরা ঐচ্ছিকভাবেই কাজ করেন, তারা জাতিসংঘের কর্মী না, এবং এর জন্য তারা বেতনও নেন না, যে কোনো সরকার বা সংস্থার আওতাধীন নয়। তারা নিজস্ব সক্ষমতায় স্বাধীনভাবে কাজ করেন।

আরো তথ্যের জন্য এবং মিডিয়া অনুরোধে, অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন – আহ্রেয়াম লী (Ahreum Lee), Ahreum.lee@un.org

জাতিসংঘের অন্যান্য স্বাধীন বিশেষজ্ঞদের সম্পর্কে জানতে যোগাযোগ করুন- রেনাটো ডি সুজা (Renato de Souza) {+41767642602/ Renato.rosariodesouza@un.org} অথবা দারিশা ইন্দ্রগুপ্ত (Dharisha Indraguptha) dharisha.indragupta@un.org

জাতিসংঘের স্বাধীন মানবাধিকার বিশেষজ্ঞদের সংবাদ জানতে টুইটারে ফলো করুন @UN SPExperts